

শিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী
সরকার শিক্ষাকে দারিদ্র্য বিমোচনের
প্রধান কৌশল হিসেবে নিয়েছে

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. বন্দুকার মোশাররফ হোসেন প্রশিক্ষণের লক্ষ্যে যথাযথভাবে প্রয়োণের মাধ্যমে শিক্ষার গুণগত মানোন্নয়নে জমিকা পালনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি -সম্প্রতি বিয়াম মিলনায়তনে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত মাসব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপণ উপলক্ষে প্রশিক্ষণার্থী শিক্ষকদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বলেন, বর্তমানে সরকার শিক্ষা খাতকে অগ্রাধিকার প্রদান করেছে এবং শিক্ষাকে দারিদ্র্য বিমোচনের প্রধান কৌশল হিসেবে গ্রহণ করেছে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কলেজসমূহের শিক্ষার গুণগত মানের ভারতীয় রয়েছে। তিনি বলেন, একটি স্বাধীন দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান এই ভারতীয় কাম্য নয় এবং এর নিরসন করতে সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। শিক্ষকগণ শ্রেণীকক্ষে যথাযথ পাঠদানের মাধ্যমে এই বৈষম্য নিরসনে জমিকা পালন করতে পারেন।

মন্ত্রী বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন সরকারি কলেজে শিক্ষকদের পদ শূন্য থাকায় শিক্ষার কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি বলেন, এর অবসানের লক্ষ্যে প্রধানমন্ত্রী অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষকদের শূন্যপদ পূরণের নির্দেশ দিয়েছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মমিন চৌধুরীর সভাপতিত্বে সনদ বিতরণ অনুষ্ঠানে বক্তৃতা করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য অধ্যাপক মোঃ বলিউর রহমান, অধ্যাপক আমিনুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ সৈয়দ আবদুল কলাম আজাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক ও প্রশিক্ষণের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের কোর্স উপদেষ্টা অধ্যাপক আতাউর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগের শিক্ষক ও প্রশিক্ষণ কোর্সের হিসাব বিজ্ঞান। বিষয়ের কোর্স উপদেষ্টা অধ্যাপক মাসুম হাসান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ও প্রশিক্ষণ কোর্সের ইংরেজি বিষয়ের কোর্স উপদেষ্টা ড. মোবাহেবুরা বানু প্রমুখ। প্রশিক্ষণ কোর্সে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ৮০টি সরকারি ও বেসরকারি কলেজের শিক্ষকগণ অংশগ্রহণ করেন। তথ্য বিবরণী।